ভোরের কাগজ

MAR. 17 2002

তারিখ ........
পৃষ্ঠা ..২.. কলাম ..৬..

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে অচিরেই দ্বিতীয় শিফট চালু হচ্ছে

## শিক্ষকরা দ্বিধাবিভক্ত ☐ বেতন ও ভর্তি ফি সকালের তুলনায় ১০ গুণ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে অচিরেই 'দ্বিতীয় শিফট' চালু হতে পারে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যে এ সংক্রান্ত প্রক্রিয়া শুরু করেছেন। এদিকে 'দ্বিতীয় শিফট' চালু নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা মিশ্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক শিক্ষক বলেছেন, এ ব্যবস্থা বিশ্ববিদ্যালয়ে বিপর্যয় ডেকে আনবে এবং একে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে পরিণত করবে। দেশে উচ্চ শিক্ষার প্রসার ঘটানো, বিশ্ববিদ্যালয়ের আয় বৃদ্ধি, প্রতি বছর ভর্তি হতে না পারা হাজার হাজার ছাত্রছাত্রীকে উচ্চ শিক্ষা লাভের সুযোগ দেওয়া দ্বিতীয় শিফট চালুর উদ্দেশ্য বলে জানা যায়।

প্রাথমিক খবরে জানা যায়, বিকালের শিফটে ছাত্রছাত্রীদের সকালের শিফটের চেয়ে ১০ গুণ বেশি বেতন ও ভর্তি ফি দিতে হবে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, অধ্যাপক এ কে আজাদ চৌধুরী উপাচার্য থাকাকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় শিফট চালু নিয়ে আলোচনা হলেও পরে তা আর বাস্তবায়িত হয়নি।

অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরী উপাচার্য নিযুক্ত হওয়ার পর গত ৬ ফেব্রুয়ারি অনুষ্ঠিত একাডেমিক ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ২

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে অচিরেই দ্বিতীয় শিফট

● প্রথম পাতার পর কমিটির মিটিংে এ নিয়ে আলোচনা হয়। এ বৈঠকে দ্বিতীয় শিফট চালুর পক্ষে-বিপক্ষে শিক্ষকরা তাদের মতামত দেন। বৈঠক সূত্রে জানা যায়, বাণিজ্য অনুষদের শিক্ষকরা দ্বিতীয় শিফট চালুর পক্ষে কথা বললেও বিজ্ঞান অনুষদের শিক্ষকরা এর বিপক্ষে মতামত ব্যক্ত করেন এবং দ্বিতীয় শিফট চালুর বিভিন্ন অসুবিধা তুলে ধরেন।

উক্ত একাডেমিক কমিটির বৈঠকে সিদ্ধান্ত হয়, ডাবল শিফট চালুর বিষয়ে সকল বিভাগের চেয়ারম্যানের কাছে চিঠি দিয়ে জানানোর। পরবর্তী সময়ে প্রত্যেক বিভাগীয় চেয়ারম্যান একাডেমিক কমিটির বৈঠকে দ্বিতীয় শিফট চালুর সম্ভাব্যতা যাচাই করে তাদের রিপোর্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে পেশ করবেন। জানা যায়, যেসব বিভাগ দ্বিতীয় শিফট চালুর পক্ষে মতামত দেবে আপাতত সেসব বিভাগেই দ্বিতীয় শিফটে ক্লাস শুরু হবে।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ে একজন ছাত্রছাত্রীর মাসিক বেতন কমবেশি ১৮ টাকা হলেও দ্বিতীয় শিফটে মাসিক বেতনের পরিমাণ হবে কমপক্ষে ১০০ টাকা বলে জানা যায়।

বর্তমানে একজন ছাত্রছাত্রীর ভর্তি হতে